"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৬২ তারিখঃ ০২ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
১৭ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামের নেতৃত্বে ধানমন্ডি-৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে স্বাস্থ্য বিধি মেনে পুষ্পস্তবক অর্পন করা হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনারগণ ও বিভিন্ন স্তরের কর্মচারিগণ এ সময় উপস্থিত ছিলেন।

পরবর্তীতে ১৫ আগস্ট, ২০২১ তারিখ রোজ: রবিবার বিকাল ৩:০০ ঘটিকার সময় ভার্চুয়াল(জুম) প্লাটফর্মের মাধ্যমে জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষ্যে কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় ঢাকা স্টক এক্সচেঞ্জ লি:, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি:, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লি:, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লি:, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বাংলাদেশ একাডেমী অব সিকিউরিটিজ মার্কেট, বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানীজ, ঢাকা স্টক এক্সচেঞ্জ ব্রোকারস এসোসিয়েশান, বাংলাদেশ মার্চেন্ট বাংকার্স এসোসিয়েশন, এসোসিয়েশন অব অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ অ্যান্ড মিউচ্যুয়াল ফান্ড, এসোসিয়েশন অব ক্রেডিট রেটিং এজেন্সিজ ইন বাংলাদেশ ও ভেঞ্চার ক্যাপিটাল অ্যান্ড প্রাইভেট ইক্যুইটি এসোসিয়েশন অব বাংলাদেশ অংশগ্রহণ করেন।

উক্ত আলোচনা সভায় আরো অংশগ্রহণ করেন কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার ড. মিজানুর রহমান ও কমিশনার জনাব মো: আব্দুল হালিম। সভাপতির বক্তব্যে চেয়ারম্যান মহোদয় বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন এবং স্বাধীনতা পরবর্তী অর্থনৈতিক উন্নয়নে বঙ্গবন্ধুর স্বপ্ন ও তা বাস্তবায়নের বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেন। এছাড়াও বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তুলতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দায়িত্ব, কর্তব্য ও দূরদর্শিতার বিভিন্ন দিক তুলে ধরেন। আলোচকগণ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে বঙ্গবন্ধুর যোগ্য উত্তরসূরী হিসেবে উল্লেখ করেন এবং বাংলাদেশে আজকের উন্নয়নের পেছনে বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন এবং তা বাস্তবায়নে তার সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন। পরিশেষে ১৫ আগস্টে নিহত বঙ্গবন্ধু, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ও তার পরিবারের সকলের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

17-08-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd